

স্মারক নং-৪৬.০০.৩৬০০.০১৭.২৭.০০১.১৭. ৪৮০

তারিখ : ১৭ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ।
৩১ মে, ২০১৮ খ্রিষ্টাব্দ।

প্রজ্ঞাপন


যেহেতু, হবিগঞ্জ জেলার বাহুবল উপজেলাধীন ৪নং বাহুবল সদর ইউনিয়ন পরিষদের ৩নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ রেজাউল কবির গত মার্চ/২০১৭ তারিখ থেকে অননুমোদিতভাবে পরিষদ সভায় অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, জনাব মোঃ রেজাউল কবির, সদস্য, ০৩নং ওয়ার্ড গত মার্চ/২০১৭ তারিখ থেকে অদ্যাবধি ০১(এক) বছরের অধিককাল যাবত অননুমোদিত অনুপস্থিতির কারণে সংশ্লিষ্ট ওয়ার্ডে সরকারের উন্নয়নমূলক কার্যক্রম সম্পাদনে অসুবিধার সৃষ্টি হচ্ছে;

যেহেতু, হবিগঞ্জ জেলার বাহুবল উপজেলাধীন ৪নং বাহুবল সদর ইউনিয়ন পরিষদের ৩নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ রেজাউল কবির কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে গত মার্চ/২০১৭ তারিখ হতে অদ্যাবধি পরিষদে অনুপস্থিত থাকায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৪)(ক) ও (চ) অনুযায়ী জনস্বার্থে তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, হবিগঞ্জ জেলার বাহুবল উপজেলাধীন ৪নং বাহুবল সদর ইউনিয়ন পরিষদের ৩নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ রেজাউল কবির কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে গত মার্চ/২০১৭ তারিখ হতে অদ্যাবধি পরিষদে অনুপস্থিত রয়েছেন বিধায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী জনস্বার্থে উক্ত সদস্যকে তাঁর স্থায় পদ থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।



(মোঃ ইফতেখার আহমেদ চৌধুরী)
উপসচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৩৬০০.০১৭.২৭.০০১.১৭. ৪৮০

তারিখ : ১৭ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ।
৩১ মে, ২০১৮ খ্রিষ্টাব্দ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
- ০২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, বাহুবল, হবিগঞ্জ।
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। জনাব মোঃ রেজাউল কবির, সদস্য, ০৩নং ওয়ার্ড (সাময়িক বরখাস্তকৃত), ৪নং বাহুবল সদর ইউনিয়ন পরিষদ, বাহুবল, হবিগঞ্জ।


(মোঃ ইফতেখার আহমেদ চৌধুরী)
উপসচিব